ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১০৫
বিলোনীয়া, ৪ আগস্ট, ২০২৫

**বিলোনীয়ার ৩টি এসসি ছাত্রাবাসের ছাত্রছাত্রীদের ৩,৯২,১৬০ টাকা বোর্ডিং হাউজ স্টাইপেন প্রদান**

গত অর্থবছরে বিলোনীয়ার তিনটি তপশিলি জাতি ছাত্রাবাসের আবাসিক ছাত্রছাত্রীদেরকে মোট ৩ লক্ষ ৯২ হাজার ১৬০ টাকা বোর্ডিং হাউজ স্টাইপেন্ড প্রদান করা হয়েছে। এরমধ্যে বি কে আই এর সঙ্গে সংযুক্ত সূর্যসেন ছাত্রাবাসের ছাত্রদের দেওয়া হয়েছে ৬৯ হাজার ৬০০ টাকা, বিলোনীয়া গার্লস এইচ এস স্কুলের সঙ্গে সংযুক্ত ছাত্রী নিবাসের ছাত্রীদের দেওয়া হয়েছে ১ লক্ষ ৫৩ হাজার ৬০০ টাকা এবং নীহার নগর এইচ এস স্কুলের সঙ্গে সংযুক্ত ছাত্রদের দেওয়া হয়েছে ১ লক্ষ ৬৮ হাজার ৯৬০ টাকা। বিলোনীয়াস্থিত জেলা কল্যাণ আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****